গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
uno.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০০৩.২৩-৪৯

তারিখ ৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ / ১৮ জানুয়ারী ২০২৩খ্রিষ্টাব্দ

## জলমহালের ইজারা বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং-০১/১৪৩০

এতদ্বারা নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বালিয়াডাঙ্গী উপজেলার ইজারাযোগ্য ১ নং খাস খতিয়ান ভুক্ত ২০(বিশ) একর পর্যন্ত জলমহাল সমূহ ইজারার লক্ষ্যে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি,২০০৯ এবং ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ শাখার ১৪ মার্চ ২০১২ খ্রিষ্টাব্দে প্রকাশিত প্রজ্ঞাপন এবং ভূমি মন্ত্রনালয়ের সায়রাত-১ শাখার ১৮ ডিসেম্বর ২০২২ খ্রিষ্টাব্দের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৪৮ নং স্মারকে প্রকাশিত প্রজ্ঞাপন মোতাবেক আগামী ০৩(তিন) বছর(১৪৩০-১৪৩২) মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎসজীবী সংগঠন/সমিতির নিকট থেকে শর্ত সাপেক্ষে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

### উপজেলাঃ বালিয়াডাঙ্গী, বাংলা ১৪৩০-১৪৩২ সন পর্যন্ত ইজারা যোগ্য জলমহাল/পুকুরের তালিকা:

| ক্রম | জলমহাল/পুকুরের নাম | ইউনিয়নের নাম | মৌজার নাম | দাগ নং | আয়তন (একরে) | বিগত ০৩(তিন) বছরের ইজারার মূল্য | ৫% বৃদ্ধিতে ০৩(তিন) বছরের সরকারী ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | লোহাগাড়া পুকুর | পাড়িয়া | উ: পাড়িয়া | ১৩৪৮০ | ১.০২ | ২১,৫০০/- | ২২,৬০০/- |
| ০২ | হাড়ী পুকুর | পাড়িয়া | মাছখুড়িয়া | ৩০২৩ | ০.৩৬ | ৪,৭২৫/- | ৫,০০০/- |
| ০৩ | সিংহাড়ী পুকুর | পাড়িয়া | দ: পাড়িয়া | ৪০২১ | ১.৩৮ | ২০,১১০/- | ২১,৫০০/- |
| ০৪ | পীর পুকুর | পাড়িয়া | মাছখুড়িয়া | ২৫৫৫ | ১.১৯ | ২২,১৬০/- | ২৩,২৭০/- |
| ০৫ | কালডাঙ্গা পুকুর | পাড়িয়া | মাছখুড়িয়া | ২৪২২ | ০.৭৫ | ১২,৭১০/- | ১৩,৩৫০/- |
| ০৬ | মাহানকা পুকুর | পাড়িয়া | মাছখুড়িয়া | ৩৪১১ | ১.০১ | ১৫,৮৬০/- | ১৬,৬৬০/- |
| ০৭ | হাট পুকুর | চাড়োল | দোগাছি | ১১৪৪১ | ১.৩৩ | ৬০,০০০/- | ৬৩,০০০/- |
| ০৮ | আলাইচন্ডী পুকুর | চাড়োল | খালিপুর | ১৬৩১ | ০.৬৩ | ১৯,০০০/- | ২০,০০০/- |
| ০৯ | নয়াদিঘী | চাড়োল | চাড়োল | ৪২৭১ | ১.৩৩ | ১৪,০৮১/- | ১৫,০০০/- |
| ১০ | দলুয়া পুকুর | বড়পলাশবাড়ী | বড়পলাশবাড়ী | ১৪৬৪৪<br>১৪৬৫০ | ২.০৭<br>০.০৭ | ১৪,৫১১/- | ১৫,৩০০/- |
| ১১ | সোপড়া খাল | বড়পলাশবাড়ী | সোপড়া | ১৬৪ | ০.৬৯ | ১,৭০৫/- | ১,৮০০/- |
| ১২ | নিশিকুড়া পুকুর | দুওসুও | মাধবপুর | ১৯৮ | ০.১৭ | ১,৬৫৫/- | ১,৭৪০/- |
| ১৩ | আলোকছিপি পুকুর | দুওসুও | আলোকছিপি | ৩৭৮ | ০.১৫ | ২,৪২১/- | ২,৫৫০/- |
| ১৪ | নিরাশি পুকুর | দুওসুও | মহিষমারী | ১৪২৫ | ০.৭৩ | ১১,২১০/- | ১১,৮০০/- |
| ১৫ | বাঘমারী পুকুর | দুওসুও | মহিষমারী | ৪২৬১ | ০.১৩ | ১,৭৪০/- | ১,৮৫০/- |
| ১৬ | সৌলা পুকুর | দুওসুও | মহিষমারী | ৪২৬১ | ১.১২ | ২৭,১১০/- | ২৮,৫০০/- |
| ১৭ | আংড়া পুকুর | দুওসুও | দোহসই | ১১৫০১ | ০.৬৬ | ২,৩০৫/- | ২,৪৫০/- |
| ১৮ | সাধুবান্দা পুকুর | দুওসুও | দোহসই | ১২১০৬ | ৬.৬৩ | ৮২,৮২০/- | ৮৭,০০০/- |
| ১৯ | কোদালধোয়া পুকুর | দুওসুও | দোহসই | ৯১৮৪ | ০.৪৬ | ৫,৮২০/- | ৬,২০০/- |
| ২০ | ঝলঝলি পুকুর | দুওসুও | লালাপুর | ৯২১ | ১.৮৬ | ২০,১১০/- | ২১,২০০/- |
| ২১ | কইমারী পুকুর | দুওসুও | লালাপুর | ২৭৮৯ | ০.২৯ | ৭,১৮০/- | ৭,৬০০/- |
| ২২ | বারঢালী পুকুর | দুওসুও | লালাপুর | ৮১৮৯ | ০.১৭ | ১,৭৪০/- | ১,৮৫০/- |
| ২৩ | তেলিবিল পুকুর | ভানোর | কলন্দা | ৭২০৯ | ১.৪৯ | ৭৩,৬১৬/- | ৭৭,৩০০/- |
| ২৪ | বড়পড়শি পুকুর | ভানোর | কলন্দা | ১০৫৬৮ | ০.১৪ | ১,৬৮০/- | ১,৮০০/- |
| ২৫ | ধনী পুকুর | ভানোর | কলন্দা | ৪৪১৯ | ০.১৮ | ৩,১৯০/- | ৩,৩৫০/- |
| ২৬ | করিয়া পুকুর | ভানোর | কলন্দা | ৪৩৭৮ | ০.২৪ | ২,৭৬০/- | ২,৯০০/- |
| ২৭ | সাপটি পুকুর | ভানোর | ভানোর | ৬৮৩৫ | ১.৮১ | ৩১,৫২০/- | ৩৩,১০০/- |
| ২৮ | হাড়ীকুড়া পুকুর | ভানোর | কলন্দা | ৭৯৩১ | ১.০৬ | ১০,৫০০/- | ১১,১০০/- |
| ২৯ | রতনদিঘী পুকুর | ভানোর | কলন্দা | ৭৫৮৮ | ৩.৪০ | ১,৮৩,৬০০/- | ১,৯২,৮০০/- |
| ৩০ | নীলচি পুকুর | আমজানখোর | উদয়পুর | ১০৪২৩ | ০.৬৩ | ১,৫০০/- | ১,৬০০/- |
| ৩১ | টেকিয়া পুকুর | আমজানখোর | উদয়পুর | ১০২২৯ | ২.৫৫ | ২৬,৫১০/- | ২৭,৯০০/- |
| ৩২ | আধারদিঘী পুকুর | বড়বাড়ী | বড়কোট | ২৯৩ | ৬.০২ | ৯৩,৯২০/- | ৯৮,৭০০/- |
| ৩৩ | গাঙ্গাহার পুকুর | বড়বাড়ী | বড়বাড়ী | ৩১৮ | ০.৬২ | ৩,৫০০/- | ৩,৭০০/- |
| ৩৪ | চোড়ট পুকুর | বড়বাড়ী | বড়বাড়ী | ৩২৩০/৪৩০৮ | ০.৭৫ | ৩,২০০/- | ৩,৩৬০/- |
| ৩৫ | পূর্বদিঘী | বড়বাড়ী | গোয়ালকারী | ৩৮৮১ | ০.২৯ | ৩,০০০/- | ৩,১৫০/- |

## জলমহাল ইজারা প্রদানের পদ্ধতি:

| ক্রমিক নং | দরপত্র সিডিউল বিক্রয়ের তারিখ | গৃহীত কার্যক্রম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ০১ মাঘ থেকে ০৫ মাঘ মধ্যে | অনলাইনে আবেদন দাখিল | |
| ০২ | ০৬ মাঘ থেকে ২৫ মাঘ মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের কাগজের মূল কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল | |
| ০৩ | ২৬ মাঘ থেকে পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই- বাছাই | |
| ০৪ | ০৬ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল কমিটিতে উপস্থাপন | |
| ০৫ | ১৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ এবং অনুমোদন | |
| ০৬ | ২৯ ফাল্গুনের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ | |
| ০৭ | ০৭ চৈত্রের মধ্যে | ইজারা গৃহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারা মূল্য প্রদান | |
| ০৮ | ২৩ চৈত্রের মধ্যে | ইজারা গ্রহীতার মধ্যে ইজারা চুক্তি সম্পাদন | |
| ০৯ | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে দখল বুঝিয়ে দেয়া | |

১. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদকে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা **jm.lams.gov.bd** লিংকে রেজিস্ট্রিশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।

২. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্ট কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে সংশ্লিষ্ট জেলা/ উপজেলায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে 'জলামহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপাশে নিম্নভাবে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

বিদ্রঃ (ভূমি মন্ত্রণালয়ের সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এবং ভূমি মন্ত্রণালয়- ১ এবং ০৮-১১-২১ খ্রিঃ তারিখের ১২০ নং স্মারকের পরিপত্র অনুযায়ী সকল বিষয় নির্ধারিত)

(বিপুল কুমার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

## শর্ত সমূহঃ

১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/সমবায় সমিতি বা সমবায় অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি সমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল/পুকুর ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি/সংগঠন আবেদন করতে পারবে না।

২। নির্ধারিত ফরমে আবেদন পত্র দাখিলের সময় সমিতিতে সদস্যদের নামের তালিকা (ঠিকানা) সহ এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানা) সহ সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপিটি উপজেলা নির্বাহী অফিসার ও সচিব জলমহাল/পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৩। প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তর নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল/পুকুর ব্যবস্থাপনা বা ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন, যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তবে সে সমিতি কোন সরকারী জলমহাল / পুকুর বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

৪। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো বর্তমান কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা (যেখানে প্রযোজ্য) কর্তৃপক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন মৎস্যজীবি সংগঠন সমিতির জন্য অডিট রিপোর্ট প্রযোজ্য হবে না।

৫। যদি সংশ্লিষ্ট জলমহাল/পুকুর নিকটবর্তী সংগঠন পাওয়া না যায়, তা হলে সে ক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী জেলা/উপজেলা মৎস্যজীবি সংগঠন/সমিতি পুকুর বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

৬। লিজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লিজকৃত জলমহাল/পুকুর কোন অবস্থাতেই সাব লিজ অথবা কোন ব্যক্তি/ গোষ্ঠি কে হস্তান্তর করতে পারবেন না বা অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি এরূপ করা হয়ে থাকে তবে উক্ত লিজ বাতিল করে জমাকৃত লিজমানি সরকারী অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লিজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

৭। কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুইটির অধিক জলমহাল/পুকুর ইজারা বন্দোবস্ত পাবে না।

৮। জলমহাল ইজারা গ্রহণের জন্য আবেদনে উল্লেখিত ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসেবে সোনালী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি) বরাবর আবেদনের সাথে দাখিল করতে হবে। লিজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লিজ মানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লিজ প্রাপ্ত হয়নি এমন সমিতিকে ব্যাংক ড্রাফট /পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

৯। প্রাপ্ত আবেদন সমূহ উপজেলা জলমহাল কমিটি কর্তৃক গৃহীত হলে উক্ত সমিতিকে সমূদয় ইজারা মূল্য এবং সেই সাথে ১৫% ভ্যাট ও ৫% আয়কর ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। নচেৎ ইজারা বাতিল করা হবে।

১০। সরকারী জলমহাল/পুকুর ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবেন।

১১ ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বা ইজারা প্রদান/ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারা বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে এবং উক্ত জলাশয় সমূহে সরকারের যেকোন উন্নয়ন মূলক কর্মকান্ড গ্রহণের ক্ষেত্রে ইজারা গ্রহীতা সরকারি কর্তৃপক্ষের প্রবেশে বাধা দিতে পারবে না ।

১২। ইজারা মেয়াদ শেষ হলে মাছ সংগ্রহের জন্য অতিরিক্ত কোন সময় মঞ্জুর করা যাবে না।

১৩। মৎস্যজীবি সংগঠন ও সমিতিকে ০৩(তিন) বছর মেয়াদী লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল/ পুকুর এর মৎস্যচাষ / উৎপাদন সুষ্ঠ ব্যবস্থাপনার পরিকল্পনার রুপরেখা সংযুক্ত করতে হবে।

১৪। যে সকল সমিতি পূর্বের গৃহীত জলমহালের ইজারামূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইয়াছে ঐ সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/পুকুর ইজারায় অংশগ্রহণ করতে পারবেন না।

১৫। সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর বিধিবিধান মেনে চলতে হবে।

(বিপুল কুমার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।